

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী

!! ঘটনাপুঞ্জ !!

বাংলাদেশের মত উন্নয়নশীল একটি দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সমবায়ের ভূমিকা গুরুত্বপূর্ণ। গ্রামীণ জীবনের শ্রীবৃদ্ধিতে সমবায় একটি কার্যকর হাতিয়ার। সমবায়ের আদর্শ অনুসরণ করে বাস্তবায়নের ফলে বাংলাদেশসহ পৃথিবীর বিভিন্ন দেশের অর্থনীতিতে প্রভূত উন্নতি সাধন করেছে। সমবায়ের গুরুত্ব বিবেচনা করে একে বাংলাদেশ সংবিধানে অর্থনীতির দ্বিতীয় খাত হিসেবে গুরুত্ব ও মর্যাদা দেয়া হয়েছে। বর্তমান কৃষি, শিল্প, ক্ষুদ্র ঋণ, মার্কেটিং ব্যবসায়সহ জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে সমবায়ের কার্যক্রম ভিত্তিক কার্যক্রম চলমান রয়েছে। সমবায়ের কার্যক্রম পরিচালনা করার জন্য দক্ষ জনগোষ্ঠী প্রয়োজন। জনগণের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজন যুগোপযোগী প্রশিক্ষণের। আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী ১৯৬২-৬৩ সালে যাত্রা শুরু করে। প্রথমে একটি ভাড়া বাসায় এর কার্যক্রম শুরু হয়। ১৯৯৫ সালে ফেনী শহর থেকে ফেনী-নোয়াখালী সড়কের তেমুহানী বাজার থেকে ৫০০ গজ উত্তর পশ্চিম দিকে রাজাপুর বিরলী সড়কের বাম পাশে বর্তমান স্থায়ী ক্যাম্পাসটি প্রতিষ্ঠিত হয়। সরকারি অর্থায়নে দেশের বিভিন্ন স্থানে ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত একটি প্রশাসনিক ভবন, একটি হোস্টেল ভবন, অধ্যক্ষের বাসভবন ও অভ্যন্তরীণ রাস্তাসহ সুরক্ষিত সীমানা প্রাচীর নিয়ে গঠিত ক্যাম্পাসের পথ চলা শুরু হয় ১৯৯৫ সালে। নোয়াখালী, ফেনী, কুমিল্লা, লক্ষীপুর, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি ও চাঁদপুর জেলার সমবায় বিভাগীয় কর্মকর্তা/কর্মচারী ও সমবায়ীদেরকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এর কার্যক্রম চালিয়ে আসছে। এখানে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে, যেমন- মৌলিক প্রশিক্ষণ, পেশাগত প্রশিক্ষণ, কো-অপারেটিভ অডিটিং, সমিতির হিসাব সংরক্ষণ, সমবায় ব্যবস্থাপনা, আয়বর্ধনমূলক কার্যক্রম (আইজিএ) এর আওতায় পশুপালন, মোবাইল সার্ভিসিং, মৎস্যচাষ, টেইলারিং, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির ব্যবস্থাপনা, আইসিটি ও ই-সিটিজেন সার্ভিস উন্নয়ন প্রকল্পের বেসিক গাভী পালন অপারেশন কোর্স উল্লেখযোগ্য। এখানে প্রশিক্ষক হিসেবে নিজস্ব কর্মকর্তার পাশাপাশি দক্ষ ও বিষয় ভিত্তিক অভিজ্ঞ অতিথি বক্তাগণ দায়িত্ব পালন করেন। এ প্রতিষ্ঠানে ১৩ জন কর্মকর্তা/কর্মচারী আছেন। উক্ত প্রশিক্ষণ ছাড়াও সরকারের বিভিন্ন প্রকল্পের আওতায় নির্ধারিত প্রশিক্ষণ দিয়ে আসছে। অত্র ইনস্টিটিউটটি সমবায়ের সর্বোচ্চ প্রশিক্ষণ প্রতিষ্ঠান 'বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা'-র নিয়ন্ত্রনাধীন একটি প্রতিষ্ঠান।